# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**25 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

(১) একমাসের মধ্যে মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হচ্ছে/

(২) রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে শীঘ্রই দুহাজার ঠিকাভিত্তিক পদে নিযুক্তি দেওয়া হবে বলে বিভাগীয় মন্ত্রী রণজিৎ দাসের ঘোষণা/

(৩) মণিপুরের রাজ্যপাল অজয় ভাল্লার আজ নাগাল্যান্ডের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্বভার নিয়ে শপথ গ্রহণ/

এবং

(৪) দ্য টেনিস ক্লাব শিলচরে প্রথমবারের মতো আর্ন্তজাতিক টেনিস প্রতিযোগিতা/ আজ আনুষ্ঠানিক উদ্বোধন/

-----------------------------------------------------------------------------------

আগামী ১ মাসের মধ্যেই মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হবে । রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান এবং মুখ্য কার্যবাহী আধিকারিক সতীশ কুমার গতকাল ৫১ দশমিক ৩-৮ কিলোমিটার দৈর্ঘের ভৈরবী - সাইরাং নবনির্মিত এই রেল প্রকল্পের চূড়ান্ত প্রস্তুতির কাজ পরিদর্শন করেন । এই রেল লাইনটি প্রথম বারের মত মিজোরামের রাজধানী আইজলকে দেশের অন্যান্য অংশের সঙ্গে অর্থাৎ রেলের জাতীয় নেটওয়ার্কের সঙ্গে যুক্ত করবে । পরিদর্শনের সময় কুমারের সঙ্গে উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব এবং উত্তর-পূর্ব সীমান্ত রেল নির্মান সংস্থার জেনারেল ম্যানেজার অরুণ কুমার চৌধুরী সহ অন্যান্য কয়েকজন উচ্চপদস্থ আধিকারিক সঙ্গে ছিলেন । সফরকারী এই দলটি ভৈরবী - সাইরাং রেল লাইনের সেতু , টানেল এবং

ষ্টেশন সহ গুরুত্বপূর্ণ স্থান এবং পরিকাঠামো সমূহের পরিদর্শন এবং বিস্তারিত পরীক্ষা করেন ।

আগেই জানানো হয়েছে যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৩ সেপ্টেম্বর মিজোরাম সফরে আসার সম্ভাবনা রয়েছে । মিজোরামের মুখ্যমন্ত্রী লালডুহমা জানিয়েছেন যে প্রধানমন্ত্রী ওই দিন মিজোরাম পৌছে ৫১ দশমিক ৩-৮ কিলোমিটার দৈর্ঘ ভৈরবি - সাইরাং রেললাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধন করবেন, মুখ্যমন্ত্রী আরো জানান যে প্রধানমন্ত্রীর আসন্ন সফরসূচি এবং প্রস্তাবিত ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধনী কার্যসূচি নিয়ে তিনি ইতিমধ্যেই কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণর সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন । প্রসঙ্গত তিনি বলেন যে রাজ্য সরকারের রাজধানী এক্সপ্রেসকে যুক্ত করে সাইরাং রেল ষ্টেশনকে একটি বিশ্ব মানের রেল ষ্টেশন হিসেবে গড়ে তোলার পরিকল্পনা রয়েছে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সংবিধানের ১৩০তম সংশোধনী বিলটি নিয়ে বিরোধী দলগুলির প্রতিবাদ জানানোর বিষয়টির সমালোচনা করেছেন । একটি সংবাদ প্রতিষ্ঠানকে সাক্ষাৎকারে শ্রী শাহ বিরোধী দলগুলির কিছু নেতা কারগার থেকে সরকার চালানোর চেষ্টা করছেন বলে অভিযোগ করেন । বিরোধীদের এই প্রতিবাদ অগণতান্ত্রিক বলেও তিনি মন্তব্য করেন । তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রীর কার্যালয়কেও এই বিলের আওতায় নিয়ে আসার ওপর গুরুত্ব আরোপ করেছেন । জনপ্রতিনিধিত্ব আইনের প্রসঙ্গ উল্লেখ করে শ্রী শাহ বলেন যে কোন নির্বাচিত জনপ্রতিনিধি ২ বছর অথবা ততোধিক সময়ের জন্য কারাদন্ডে দন্ডিত হলে তাকে সংসদের সদস্য পদ থেকে অব্যাহতি দেওয়া হবে । বিরোধী দলগুলির সংবিধানের ১৩০তম সংশোধনী বিলের বিরোধিতা করে যৌথ সংসদীয় সমিতির বৈঠক বর্জন করার কথা উল্লেখ করে শ্রী শাহ বলেন যে সমিতি তার নিজের দায়িত্ব পালন করবে । প্রাক্তন উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের পদত্যাগ সম্পর্কে বিরোধীদের উত্থাপিত প্রশ্নের উত্তরে শ্রী শাহ বলেন যে শ্রী ধনখড় স্বাস্থ্যজনিত কারণে এই পদ থেকে অব্যাহতি নিয়েছেন ফলে বিষয়টি নিয়ে হুলুস্থুল করার কোন যৌক্তিকতা নেই ।

---

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগে শীঘ্রই দুহাজার ঠিকাভিত্তিক পদে নিযুক্তি দেওয়া হবে । বিভাগীয় মন্ত্রী রণজিৎ দাস গতকাল বজালী জেলার পাঠশালায় আয়োজিত এক অনুষ্ঠানে এই বিষয়ে জানিয়েছেন । তিনি বলেন যে- আগামী দু-তিন মাসের মধ্যে সম্পূর্ণ স্বচ্ছ এবং অবাধভাবে এই নিযুক্তি প্রদান করা হবে ।

-------------------------------------------------------------------------------------

আজ রাতে বাংলাদেশের রাজধানী ঢাকায় ভারত ও বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে ৫৬তম সঞ্চালক প্রধান পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হবে । উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনী প্রতি বছর দুবার করে সঞ্চালক প্রধান পর্যায়ের বৈঠকে মিলিত হয়ে আসছে । বি এস এফ-এর সঞ্চালক প্রধান দলজিত সিং চৌধুরী ভারতীয় দলের এবং বাংলাদেশ সীমান্ত সুরক্ষা বাহিনীর সঞ্চালক প্রধান মেজর জেনারেল মহাম্মদ আশ্রাফ উদ্দিন সিদ্দিকি বাংলাদেশ দলের নেতৃত্ব দেবেন । বৈঠকে ভারতীয় সীমান্ত সুরক্ষা বাহিনীর জোওয়ান এবং ভারতীয় নাগরিকদের ওপর বাংলাদেশী দুষ্কৃতকারীদের চালানো আক্রমণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হবে । এছাড়াও , সীমান্তঞ্চলের অপরাধ রোধ করা , কাটাতারের বেড়া নির্মানের অগ্রগতি , বাংলাদেশে লুকিয়ে থাকা ভারতের উগ্রপন্থী গোষ্ঠীর সদস্যদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সীমান্ত আঞ্চলের পরিকাঠামো সহ পারস্পরিক সহযোগিতার বিষয়টি নিয়েও আলোচনা অনুষ্ঠিত হবে । উল্লেখ্য যে গত ২০ ফেব্রুয়ারী নতুন দিল্লীতে উভয় দেশের সীমান্ত সুরক্ষা বাহিনীর সঞ্চালক প্রধান পর্যায়ের আলোচনা অনুষ্ঠিত হয়েছিল ।

-------------------------------------------------------------------------------------

মুম্বাইয়ের কোলাবা'র অভিজাত অঞ্চলের চারবিঘা জমি মুম্বাই কর্তৃপক্ষ আসাম সরকারকে ষাট বছরের লীজে দিয়েছে । দেশের বাণিজ্যিক রাজধানীতে আসামের জনসাধারণের জন্য যাবতীয় সরকারী পরিকাঠামোর বিকাশ এবং সুষ্ঠু ব্যবস্থা গড়ে তোলার জন্যে আসাম সরকার এই জমিতে একটি নিজস্ব ক্যাম্পাস স্থাপন করবে । কেন্দ্রীয় বন্দর, জাহাজ পরিবহণ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি বলেন যে- এর মাধ্যমে মুম্বাই শহর পর্যন্ত আসা আসামের শিল্পদ্যোগী, ছাত্রছাত্রী সহ অন্যান্য লোকজন উপকৃত হবেন । শ্রী সনোয়াল এই জমিতে স্থাপন করতে যাওয়া কেন্দ্রটি উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নে নতুন গতি প্রদান করা সহ জনকল্যাণমূলক সুযোগ সুবিধা সমূহ তৃণমূল পর্যায়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়ক হবে বলে আশা প্রকাশ করেছেন ।

উল্লেখ্য- আসামের জনসাধারণের দীর্ঘদিনের প্রয়োজন পূরনের জন্যে একটি কেন্দ্র নির্মাণের জন্য জমি চেয়ে আসাম সরকারের মুখ্য সচিব একটি লিখিত আবেদন পাঠিয়েছিল । এই আবেদনে সাড়া দিয়ে কেন্দ্রীয় সরকার চারবিঘা জমি লীজে দেওয়ার সিদ্ধান্ত নেয় ।

-------------------------------------------------------------------------------------

মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লা আজ নাগাল্যান্ডের ২২তম রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করেছেন । কোহিমার রাজভবণে আয়োজিত এক অনুষ্ঠানে গৌহাটি হাইকোর্টের মুখ্য বিচারপতি আশুতোষ কুমার শ্রী ভাল্লাকে শপথবাক্য পাঠ করান । গত ১৫ আগষ্ট নাগাল্যান্ডের রাজ্যপাল লা গণেশনের মৃত্যুর পরিপ্রেক্ষিতে শ্রী ভাল্লাকে ওই রাজ্যের অতিরিক্ত দায়িত্বভার অর্পন করা হয়েছিল । আজ আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেইফিও রিও , উপ-মুখ্যমন্ত্রী টি আর জেলিয়াং , ওয়াই পেট্রান সহ সাংসদ এবং বিধায়করাও উপস্থিত ছিলেন । শপথ গ্রহণের পর শ্রী ভাল্লা নাগাল্যান্ড মন্ত্রী সভার সদস্যদের সঙ্গে মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি পুলিশ গতরাত্রে মাদকদ্রব্য বিরোধী দুটি পৃথক অভিযানে কুড়িহাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । জব্দ করা ট্যাবলেটের বাজারমূল্য তিন কোটি টাকারও বেশি বলে পুলিশ সূত্রে জানা গেছে । পুলিশ এই ঘটনায় জড়িত সন্দেহে দুজনকে আটক করেছে ।

---------------------------------------------------------------------------------

সারা ভারত কৃষক সভার গোবিন্দপুর প্রাথমিক কমিটির দ্বিতীয় সম্মেলন গতকাল গোবিন্দপুরে অনুষ্ঠিত হয়েছে । ঝন্টু দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় কৃষকদের বিভিন্ন সমস্যা ও অভাব-অভিযোগ নিয়ে কৃষক সভার জেলা সম্পাদক সুভাষ দেব প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । পরে ঝনটু দাসকে সভাপতি ও দীপংকর দাসকে সম্পাদক মনোনীত করে ১৭ সদস্য বিশিষ্ট সারা ভারত কৃষক সভার গোবিন্দপুর প্রাথমিক কমিটি গঠন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

দ্য টেনিস ক্লাব শিলচরের উদ্যোগে প্রথমবারের মতো শিলচরে শুরু হচ্ছে আর্ন্তজাতিক টেনিস প্রতিযোগিতা । আর্ন্তজাতিক টেনিস ফেডারেশন পরিচালিত এই প্রতিযোগিতার আজ আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের সম্পাদক স্বামী গনধীশানন্দজী মহারাজ । ‘ইন্টারন্যাশনেল টেনিস ফেডারেশন মাস্টার হানড্রেড’ শীর্ষক এই প্রতিযোগিতায় একশোরও বেশি প্রতিযোগী অংশগ্রহণ করছে । উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়া আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক রাজীব মোহন পন্থ , শিলচর এন আই টি-র সঞ্চালক দিলীপ কুমার বৈদ্য উপস্থিত ছিলেন । আগামী ২৯শে আগষ্ট পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে । এই প্রতিযোগিতা আয়োজন করার জন্য আশি বছরের প্রাচীন এই টেনিস ক্লাবের প্রশংসা করে উপাচার্য ডঃ পন্থ বলেন-

#বাইট#

উল্লেখ্য দেশের বিভিন্ন রাজ্য সহ দুটি দেশ থেকে একশোরও বেশি প্রতিযোগী এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ইতিমধ্যে শিলচরে এসে পৌঁছেছে । চার লক্ষ ৭৪ হাজার টাকা পর্যন্ত প্রাইজমানি থাকা এই প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গল্স, ডাবল্স, মহিলাদের ডাবল্স, মিক্সড ডাবল্স ইত্যাদি শাখায় খেলা অনুষ্ঠিত হবে ।

টেনিস ক্লাবের সচিব দেবাশিস স্বামী এই সম্পর্কে জানান- এর আগে সারা আসাম জুনিয়র র‍্যাংকিং প্রতিযোগিতা শিলচরে অনুষ্ঠিত হয়েছিল । তবে আর্ন্তজাতিক টেনিস ফেডারেশনের প্রতিযোগিতা এই প্রথমবার হচ্ছে । ৩৫ বছর, ৪০ বছর, ৪৫ বছর, ৫০ বছর, ৫৫ বছর এবং ৬০ বছর অনুর্ধ - এই ছ'টি গ্রুপে খেলা হবে । প্রতিটি গ্রুপে আটজনেরও বেশি প্রতিযোগী রয়েছে । আর্ন্তজাতিক পর্যায়ের খেলোয়াড়দের মধ্যে ভূটানের পেমা নর্বু এবং চিলির আন্দ্রেস আলকেরেজ এবং জাতীয় পর্যায়ের মধ্যে কোলকাতার মনোজ সেবা এবং বিনোদ সেবা, মণিপুরের পুলেশ্বর থাংবাং রা এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে বলে তিনি জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

গুজরাটের আহমেদাবাদে অনুষ্ঠিত কমনওয়েলথ ভারোত্তোলন প্রতিযোগিতার যুব শাখায় রাজ্যের প্রতিভাবন ভারত্তোলক ধর্মজ্যোতি দেউঘরিয়া স্বর্ণ পদক অর্জন করেছে । যুব শাখার ৫৬ কিলোগ্রাম শাখায় ধর্মজ্যোতি স্নেচে ৯৭ কিলোগ্রাম এবং ক্লিন এন্ড জার্কে ১২৭ কিলোগ্রাম নিয়ে মোট ২২৪ কিলোগ্রাম ভারোত্তোলন করে স্বর্ণপদক লাভ করে । নিজের খেলোয়াড় জীবনের প্রথম কমনওয়েলথ প্রতিযোগিতায় স্বর্ণ পদক লাভ করে ধর্মজ্যোতি অনবদ্য সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে । তিনি স্নেটচ শাখায় নতুন রেকর্ড গড়েছেন । ধর্মজ্যোতির এই সফলতায় আসাম ভারোত্তোলন সংস্থার সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল তাকে শুভেচ্ছা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমি ক্লাবের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগিতার কোয়াটার ফাইনালে উঠলো জামালপুর এফ সি । ধলাইয়ের বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার আজকের খেলায় জামালপুর এফ সি ৩-১ গোলে অঞ্জলী এফ সি নতুন বাজার দলকে পরাজিত করেছে । আজকের খেলায় জামালপুর এফ সি দলের ডেভিড সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন । আগামীকাল কোনও খেলা হবে না ।

প্রতিযোগিতার প্রথম কোয়াটার ফাইনাল খেলায় আগামী বুধবার ব্রাইট স্টার ক্লাব রাজনগর ও লোকনাথপুর এফ সি পরস্পরের মুখোমুখি হবে ।

-----------------------------------------------------------------------------------